দৈনিক বাংলা

9

তারিখ 02 NOV 1996
পৃষ্ঠা ৮ কলাম ৪

# জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রীর বাণী

আজ শনিবার জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে প্রেসিডেন্ট বিচারপতি সাহাবুদ্দীন আহমদ এক বাণী দিয়েছেন। বাণীতে প্রেসিডেন্ট বলেন, শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে 'জাতীয় শিক্ষা সপ্তাহ' উদযাপিত হচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। জাতীয় শিক্ষা সপ্তাহ উদযাপনের মাধ্যমে দেশের সকল শ্রেণীর মানুষের মধ্যে শিক্ষা সচেতনতা বৃদ্ধির ফলে দেশে শিক্ষিতের হার বৃদ্ধি পাবে বলে আমি আশা করি।

তিনি বলেন, শিক্ষা জাতির মেরুদণ্ড। দেশের মানুষকে সুযোগ্য নাগরিক করে গড়ে তোলার ক্ষেত্রে শিক্ষার কোন বিকল্প নেই। এ জন্য প্রয়োজন, প্রাথমিক ও উচ্চ শিক্ষার প্রসার ঘটানো। এই লক্ষ্যকে সামনে রেখেই প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক এবং নারী শিক্ষার প্রসারসহ উচ্চ শিক্ষার ব্যাপক উন্নয়ন ঘটানোর প্রয়াস নেয়া হয়েছে। সময়োপযোগী এসব পদক্ষেপ বাস্তবায়নে শিক্ষক–অভিভাবকসহ সকল মহলের সক্রিয় সম্পৃক্ততা অপরিহার্য। জাতীয় পর্যায়ে শিক্ষা সপ্তাহ উদযাপনের এই উদ্যোগ কাংক্ষিত লক্ষ্য অর্জনে সহায়ক হবে বলে আমি বিশ্বাস করি।

প্রেসিডেন্ট জাতীয় শিক্ষা সপ্তাহ উদযাপনের সাফল্য কামনা করেন।

## প্রধানমন্ত্রীর বাণী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে বাণীতে বলেছেন, শিক্ষা নারী–পুরুষ সবার মৌলিক অধিকার। এই অধিকার সম্পর্কে ব্যাপক গণসচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে শিক্ষা মন্ত্রণালয় জাতীয় শিক্ষা সপ্তাহ পালন করছে জেনে আমি আনন্দিত।

তিনি বলেন, পরিকল্পিত জাতীয় উন্নয়নে সুশিক্ষিত মানবসম্পদের বিকল্প নেই। এ জন্যই বলা হয়ে থাকে শিক্ষাই জাতির মেরুদণ্ড। শিক্ষিত জাতি মানেই উন্নত জাতি। আমরাও চাই নিরক্ষরতামুক্ত সুশিক্ষিত একটি বলিষ্ঠ জাতি। এ লক্ষ্যে শিক্ষিত সম্প্রদায়কেই পালন করতে হবে অগ্রণী ভূমিকা।

প্রধানমন্ত্রী বলেন, এ বছরের মূল প্রতিপাদ্য 'নারী শিক্ষার উন্নয়ন' সার্থক করে তুলতে আমাদের সম্মিলিত প্রচেষ্টাকে আরও জোরদার করতে হবে। এ জন্য বর্তমান সরকারের কর্মসূচীর পাশাপাশি নারী সংগঠন, স্বেচ্ছাসেবী সংগঠন, শিক্ষানুরাগী, শিক্ষক, অভিভাবকবৃন্দসহ সকলকে এগিয়ে আসার আহ্বান জানাই। আমি জাতীয় শিক্ষা সপ্তাহের সার্বিক সাফল্য কামনা করি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ দীর্ঘজীবী হোক।